



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
(রেমিট্যান্স পলিসি সেকশন)

ওয়েব সাইট: www.bb.org.bd

সার্কুলার পত্র নং- এফইপিডি(রেমিট্যান্স)৪৪/২০১৩-২৭

তারিখঃ ২১-১২-১৪১৯ বাঃ
০৪-০৪-২০১৩ খ্রিঃ

বৈদেশিক মুদ্রা লেনদেনের সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

বেসরকারী ব্যবস্থাপনায় হজ্জরত পালন- ১৪৩৪ হিজরী সন।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের “হজ্জ প্যাকেজ-২০১৩ খ্রিঃ (১৪৩৪ হিজরী)” এর আলোকে বেসরকারী ব্যবস্থাপনায় হজ্জরত পালনে গমনেচ্ছুগণের অনুকূলে বৈদেশিক মুদ্রা ছাড়করণে অনুসরণীয় দিক-নির্দেশনা নিম্নে প্রদত্ত হলো।

১। বেসরকারী ব্যবস্থাপনায় ১৪৩৪ হিজরী সনে হজ্জরত পালনের জন্য নিম্নোক্ত বিভাজন মোতাবেক ব্যাংকে টাকা জমা করতে হবে :

ক্রমিক নং	ব্যয়ের খাতসমূহ	পরিমাণ (টাকা)
১.(ক)	বিমান ভাড়া (নীট) মার্কিন ডলার ১৪৭৫ (১৪৭৫×৮০.৫০)	১,১৮,৭৩৭.৫০
(খ)	ইন্সিওরেন্স সারচার্জ মার্কিন ডলার ১০ (১০×৮০.৫০)	৮০৫.০০
(গ)	জেদ্দা ডিপারচার ট্যাক্স সৌদি রিয়াল ৫০ (৫০×২১.০০)	১,০৫০.০০
(ঘ)	এম্বারকেশন ফি	৩০০.০০
(ঙ)	এক্সাইজ ডিউটি	৫০০.০০
(চ)	হজ্জ টার্মিনাল সার্ভিস চার্জ সৌদি রিয়াল ৩০ (৩০×২১.০০)	৬৩০.০০
(ছ)	জেদ্দায় সিটি চেক ইন চার্জ মার্কিন ডলার ১০(১০×৮০.৫০)	৮০৫.০০
	মোট	১,২২,৮২৭.৫০
২.	স্থানীয় সার্ভিস চার্জ : আইডি কার্ড, কজিবেল্ট, কিটব্যাগ, হজ্জ ও ওমরাহ সংক্রান্ত পুস্তিকা, আই.টি সার্ভিস, হজ্জ ক্যাম্পে আবাসন ও প্রচারণাসহ হজ্জযাত্রীদের সেবা	৮০০.০০
৩.	হজ্জযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীণ ফান্ড) :	২০০.০০
৪.	প্রশিক্ষণ ফি :	৩০০.০০
৫.	মোয়াল্লেম ফি : মীনা-আরাফা-এ তাঁবু ভাড়া এবং জেদ্দা-মক্কা-মদীনা ও মীনা-আরাফা পরিবহন ফি ও সার্ভিস চার্জ, জেদ্দাস্থ ইউনাইটেড এজেন্সির অতিরিক্ত ফি, মোয়াল্লেমসার জমজমের পানি ইত্যাদি সৌদি রিয়াল (১,১৫৯×২১.০০)	২৪,৩৩৯.০০
	সর্বমোট (১+২+৩+৪+৫)=	১৪৮,৪৬৭.০০ (এক লক্ষ আটচল্লিশ হাজার চারশত সাতষট্টি)
৬.	মীনা-আরাফা এ মোয়াল্লেমের অতিরিক্ত সার্ভিস চার্জ	এজেন্সী প্যাকেজ অনুযায়ী
৭.	মক্কা-মদিনায় বাড়ী ভাড়া ব্যয়	এজেন্সী প্যাকেজ অনুযায়ী
৮.	হজ্জ যাত্রীদের কুরবানী খরচ (কুরবানী নিশ্চিত করার জন্য সৌদি আরবে ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক-এ অর্থ জমা করে মানি রিসিট প্রত্যেক হজ্জযাত্রীকে দিতে হবে)	এজেন্সী প্যাকেজ অনুযায়ী
৯.	মক্কা, মদীনা ও মিনায় খাওয়া খরচ	এজেন্সী প্যাকেজ অনুযায়ী
১০.	হজ্জ গাইড খরচ	এজেন্সী প্যাকেজ অনুযায়ী

নোটঃ প্রতি মার্কিন ডলার ৮০.৫০ (আশি টাকা পঞ্চাশ পয়সা) টাকা এবং প্রতি সৌদি রিয়াল ২১.০০ (একুশ টাকা) টাকা হারে ধরা হয়েছে।

০২। হজ্জের সার্বিক খরচ ছাড়াও প্রত্যেক হজ্জযাত্রী ৫০০(পাঁচশত) মার্কিন ডলারের সমতুল্য বৈদেশিক মুদ্রা সাথে নিয়ে যেতে পারবেন।

০৩। প্রত্যেকটি হজ্জ এজেন্সীকে উক্ত হজ্জ এজেন্সীর মাধ্যমে টাকা জমাদানকারী হজ্জযাত্রীদের নাম, ঠিকানা ও পাসপোর্ট নম্বরসহ পূর্ণাঙ্গ তালিকা, মোয়াল্লেম ফি, বিমান ভাড়াসহ অন্যান্য ফি, হজ্জ এজেন্সী কর্তৃক ঘোষিত হজ্জ প্যাকেজে বর্ণিত বাড়ী ভাড়া ও অন্যান্য সুবিধা সমেত সম্ভাব্য ব্যয়ের সমুদয় অর্থ সরকার ঘোষিত হজ্জ প্যাকেজে নির্ধারিত ৩০.০৫.২০১৩ খ্রিঃ তারিখের মধ্যে (সরকার ঘোষিত ন্যূনতম প্যাকেজমূল্য টাকা ২,৭৮,৭৪২.০০ (দুই লক্ষ আটাত্তর হাজার সাতশত বিয়াল্লিশ টাকার নিম্নে নয়)) এজেন্সীর নিজস্ব ব্যাংক হিসাবে জমা হয়েছে মর্মে সংশ্লিষ্ট ব্যাংকের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও হাব কর্তৃক প্রতিস্বাক্ষরিত ব্যাংক স্টেটমেন্ট (জমা বিবরণী) হজ্জ অফিস, ঢাকার বরাবর এবং অনুলিপি ধর্ম মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

০৪। প্রচলিত ব্যবস্থায় টিএম ফরমে আবেদনের ভিত্তিতে কনফার্মড রিটার্ন এয়ার টিকেট ও আন্তর্জাতিক পাসপোর্টে এনডোর্সমেন্টপূর্বক বৈদেশিক মুদ্রা ইস্যু করা যাবে। বিমান টিকেটে উল্লিখিত যাত্রার তারিখের ২(দুই) সপ্তাহের পূর্বে কোন বৈদেশিক মুদ্রা ইস্যু করা যাবে না।

০৪। হজ্জ যাত্রীর আন্তর্জাতিক পাসপোর্টে অনুরূপ স্বাক্ষর/টিপসহি টিএম ফরমে গ্রহণ করে নির্ধারিত পরিমাণ বৈদেশিক মুদ্রা কেবলমাত্র সংশ্লিষ্ট হজ্জ যাত্রীর নিকট হস্তান্তরের বিষয়টি অনুমোদিত ডিলারগণকে নিশ্চিত করতে হবে।

এ সার্কুলার পত্রের বিষয়বস্তু সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ গোলাম হায়দার)

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০০৯২।

সংযোজনী : হজ্জ প্যাকেজ-২০১৩ খ্রিঃ (১৪৩৪ হিজরী)।